কালবেলা
১৫ নভেম্বর ২০২৬ । ৩০ কার্তিক ১৪৩৩ । ৪ জমাদিউস সানি ১৪৪৮
আঁধার পেরিয়ে

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.
নিয়ামতপুর শাখা, নওগাঁ।
অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, নিয়ামতপুর শাখা, নওগাঁ-এর খেলাপী ঋণ গ্রহীতা, মেসার্স নাসির উদ্দীন এন্ড সন্স, স্বত্বাধিকারী : জনাব মোঃ নাসির উদ্দীন, পিতা- মৃত আলহাজ্ব মঞ্জুর আলী, মাতা- মৃত মোছা: মরিয়ম বিবি, ঠিকানা (বর্তমান+স্থায়ী) চৌড়াপাড়া, রসুলপুর-৬৫২০, থানা: নিয়ামতপুর, উপজেলা:- নিয়ামতপুর, জেলা:- নওগাঁ। ব্যবসায়িক ঠিকানাঃ ধানসুরা বাজার, থানা:+উপজেলা:- নাচোল, জেলা:- চাঁপাইনবাবগঞ্জ, এর নিকট ৩০.১০.২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদসিল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ৯৭,৬২,০০০/- (টাকা সাতানব্বই লক্ষ বাষট্টি হাজার) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে মোঃ নাসির উদ্দীন (স্বত্বাধিকারী) কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের শর্তাবলীঃ

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৮.১২.২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া অত্র শাখায় রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ঐ দিনই বিকাল ৪:৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ উপস্থিত দরপত্র দাতা বা তাদের প্রতিনিধির সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং বা কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, নিয়ামতপুর শাখা, নওগাঁ-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখায় রক্ষিত তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি যাচাই-বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এবং পরবর্তী সংশোধনী আইন, ২০০৪ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০. প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় আইনক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ-

তফসিল ক্ক: জেলা- চাঁপাইনবাবগঞ্জ, থানা:+উপজেলা:- নাচোল, মৌজা- ছুটিপুর, জে, এল নং-২৯, খতিয়ান নং- এস. এ- ৯৭, ৯৬, আর. এস- ১০৪, প্রস্তাবিত খতিয়ান নং- ৪১৫, প্লট নং- এস. এ- ৭৩, ৭৪, আর. এস- ১১৩, ১১৪, মোট জমির পরিমাণ- ২১.৬২৫ ডেসিমেল।

তফসিল খ: জেলা- নওগাঁ, থানা:+উপজেলা:-নিয়ামতপুর, মৌজা-বনগাঁপাড়া, জে, এল নং-১৭২, খতিয়ান নং- আর. এস- ১৩২, ১০৭, ১১৫, প্রস্তাবিত খতিয়ান নং- ২৬২, প্লট নং- আর. এস- ২১৪, ২১৮, ২২৯, ২৯৮, ২০২, ১৯৩, ২০৬, মোট জমির পরিমাণ- ৭৮.০৪ ডেসিমেল।

সর্বমোট জমির পরিমাণঃ (২১.৬২৫+৭৮.০৪)= ৯৯.৬৬৫ ডেসিমেল আবাসিক ও কৃষিজমি।

পক্ষে, শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. নিয়ামতপুর শাখা, নওগাঁ, ফোনঃ ০১৭৫৫-৬৩৭৩৮৫